

43

জাতীয় বিশ্ববিদ্যালয়ে

'৯৫ হইতে নিজস্ব

সিলেবাসে ডিগ্রী পরীক্ষা

রেজালুর রহমান ॥ '৯৫
সাল হইতে জাতীয় বিশ্ববিদ্যালয়
উহার নিজস্ব সিলেবাস অনুযায়ী
ডিগ্রী পরীক্ষা গ্রহণ করিবে।
ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী
(২য় পৃ: ৪-এর ক: দ্র:)

জাতীয় বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ব-
বিদ্যালয়ের অধীনস্থ কলেজ
সমূহের শিক্ষা ব্যবস্থা পরিচালনার
দায়িত্ব নিয়াছে জাতীয় বিশ্ব-
বিদ্যালয়। ১৯৯৩ সালের ডিগ্রী
পরীক্ষার ফলাফল প্রকাশ করিয়াছে
ইতিমধ্যে। এই পরীক্ষায় রাজ-
শাহী বিশ্ববিদ্যালয়ের সিলেবাস
অনুযায়ী রাজশাহী ও খুলনা
বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের
সিলেবাস অনুযায়ী ঢাকা ও
বরিশাল বিভাগ এবং চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনু-
যায়ী চট্টগ্রাম বিভাগের ছাত্র-
ছাত্রীরা অংশ নেয়। ৯৪ সালের
ডিগ্রী পরীক্ষাও ৩টি বিশ্ব-
বিদ্যালয়ের সিলেবাস অনুযায়ী
অনুষ্ঠিত হইবে। তবে ৯৫ সালের
ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হইবে
জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব
সিলেবাস অনুযায়ী। দেশের
৫৮২টি কলেজের ছাত্র-ছাত্রীদের
জন্য নির্ধারিত হইবে একটি
সিলেবাস। মেধাস্থান নির্ধারণ ক:
হইবে সারাদেশের মেধাবী ছাত্র-
ছাত্রীদের মধ্য হইতে। '৯৫ সা:
হইতে অনার্স কোর্সের ব্যাপারে
জাতীয় বিশ্ববিদ্যালয় একটি
নিজস্ব সিলেবাস চালু করিবে।
জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা
নিয়ন্ত্রক দলীল উদ্দিন মওল আশা
প্রকাশ করিয়া বলেন, সবকিছু
ঠিকঠাক থাকিলে '৯৫ সাল
হইতে জাতীয় বিশ্ববিদ্যালয় অন্য
বিষয়েও নিজস্ব সিলেবাস চালু
করিতে পারিবে। ১৯৯২ সালের
২১শে অক্টোবর জাতীয় সংসদে
জাতীয় বিশ্ববিদ্যালয় আইন
প্রণীত হয়। কলেজ পর্যায়ে
স্নাতক, স্নাতকোত্তর পাঠক্রম ও
পাঠ্যসূচীর আধুনিকীকরণ ও
উন্নতি সাধন শিক্ষার গুণগত মান
উন্নয়ন এবং শিক্ষকদের প্রশিক্ষণ
ও যোগ্যতা বৃদ্ধিসহ কলেজের
যাবতীয় বিষয় ও ব্যবস্থাপনার
দায়িত্ব পাইয়াছে এই বিশ্ব-
বিদ্যালয়।